



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১

website: www.bmeb.gov.bd, www.ebmeb.gov.bd E-mail: info@bmeb.gov.bd



স্মারক নং-বামাশিবো/পরী/আলিম-২০/২৮৯

তারিখ: ৭ মাঘ ১৪২৬
২১ জানুয়ারি ২০২০

বিষয়: ২০২০ সালের আলিম পরীক্ষার কেন্দ্র পরিচালনা কমিটি গঠন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে তাঁর সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে ২০২০ সালের আলিম পরীক্ষা ১ এপ্রিল, ২০২০ অনুষ্ঠিত হবে। তাঁর জেলার/উপজেলার কেন্দ্রসমূহের পরীক্ষা সুষ্ঠুভাবে পরিচালনার জন্য তত্ত্বাবধায়ক কর্মকর্তা ও ভারপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ করতঃ তার নামের তালিকা আগামী ০৫/০৩/২০২০ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। জেলা সদরের ক্ষেত্রে জেলা প্রশাসক/অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), উপজেলার ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (মহানগরীর ক্ষেত্রে) কেন্দ্রের তত্ত্বাবধায়ক কর্মকর্তা হবেন।

আলিম পরীক্ষার কেন্দ্রের মাদ্রাসার অধ্যক্ষ ভারপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব পালন করবেন। যৌক্তিক কোন কারণে তিনি এ দায়িত্ব পালনে অপারগ হলে কেন্দ্রের অন্তর্ভুক্ত অন্য কোন মাদ্রাসার অধ্যক্ষ ভারপ্রাপ্ত কর্মকর্তা পদে তত্ত্বাবধায়ক কর্মকর্তা কর্তৃক মনোনীত হবেন। সরকারি মাদ্রাসার ক্ষেত্রে মাদ্রাসার অধ্যক্ষ/উপাধ্যক্ষ তত্ত্বাবধায়ক কর্মকর্তার দায়িত্ব পালন করবেন এবং ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে যে কোন সহকারি অধ্যাপক দায়িত্ব পালন করবেন।

প্রসঙ্গত বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক কেন্দ্রসচিব/ভারপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব থেকে অব্যাহতি প্রাপ্ত কোন ব্যক্তি ভারপ্রাপ্ত কর্মকর্তা হতে পারবেন না।

মোঃ কামাল উদ্দিন
পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন : ৫৮৬১০২০২, ফ্যাক্স: ৫৮৬১৭৯০৮
ই-মেইল: controller@bmeb.gov.bd

জেলা প্রশাসক
সকল জেলা

স্মারক নং-বামাশিবো/পরী/আলিম-২০/২৮৯

তারিখ: ৭ মাঘ ১৪২৬
২১ জানুয়ারি ২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :-

- (১) সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (২) বিভাগীয় কমিশনার, ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ।
- (৩) উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
- (৪) অধ্যক্ষ-----
- (৫) প্রোগ্রামার আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা। (তাঁকে বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।
- (৬) চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- (৭) পিএ টু রেজিস্ট্রার/পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- (৮) অফিস কপি।

মোঃ শাহাদৎ হোসেন মিয়া

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (পরীক্ষা)
(অতিরিক্ত দায়িত্ব)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন : ৯৬৭৫২৪৮